



বাংলাদেশের সাংবাদিকদের কুত্তার মতো পেটানো দরকার: এনায়েতুল্লাহ আব্বাসী



ছবি: সংগৃহীত

চাঁদপুরের মতলব উত্তর উপজেলায় এক ধর্মীয় মাহফিলে বক্তব্য দিতে গিয়ে সাংবাদিকদের একাংশকে নিয়ে বিতর্কিত মন্তব্য করেছেন ইসলামি বক্তা ড. সাইয়েদ মুহাম্মদ এনায়েতুল্লাহ আব্বাসী। মাদকবিরোধী অভিযান নিয়ে গণমাধ্যমের সংবাদ পরিবেশনের সমালোচনা করে তিনি বলেন, বাংলাদেশের কিছু সাংবাদিককে ‘কুত্তার মতো পেটানো দরকার’।

সোমবার (১৯ অক্টোবর) রাতে নিশ্চিন্তপুর হাফিজিয়া মাদ্রাসার বার্ষিক ওয়াজ ও দোয়ার মাহফিলে প্রধান বক্তার বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

বক্তব্যে ইশরাক হোসেনের মাদকবিরোধী অভিযানের প্রসঙ্গ তুলে আব্বাসী বলেন, মাদকের বিরুদ্ধে তাঁর অবস্থান সঠিক হলেও পিস্তল উঁচিয়ে ধরার পদ্ধতিটি ঠিক ছিল না। তবে অভিযানের উদ্দেশ্য মহৎ ছিল বলে মন্তব্য করেন তিনি।

আব্বাসীর অভিযোগ, মাদকবিরোধী উদ্যোগের দিকটি গুরুত্ব না দিয়ে সাংবাদিকদের একাংশ ইশরাকের পিস্তল হাতে দৌড়ানোর বিষয়টিকে বেশি গুরুত্ব দিয়েছে। এ সময় তিনি কিছু সাংবাদিককে ‘হলুদ সাংবাদিক’ আখ্যা দিয়ে তাঁদের বিরুদ্ধে অবস্থান নেওয়ার আহ্বান জানান।

তিনি আরও অভিযোগ করেন, কিছু সাংবাদিক বিদেশি গোয়েন্দা সংস্থার অর্থায়নে কাজ করেন এবং তাঁরা দেশের উন্নতি চান না। মাদকবিরোধী অভিযান নিয়ে ইতিবাচক সংবাদ প্রকাশ করা হলে সরকারের অবস্থান ভিন্ন হতে পারত বলেও মন্তব্য করেন তিনি।